# ২০২৪
# বাংলা
## (প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGP-DSE-T-1

(সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

[পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) 'রাজার সর্দারেরা তাকে যক্ষপুরীর প্রাচীরের মধ্যে ধরে আনলো' — কাকে কেন ধরে এনেছিল সর্দারেরা?

খ) 'জগতের চিরন্তন প্রেমিক এরা' — 'এরা' বলতে কাদের বোঝানো হয়েছে? এদের প্রেমে কী নিহিত আছে?

গ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কি রবীন্দ্রনাথ সম্পর্কে বুদ্ধদেব বসুর ভাবনাকে সমর্থন করেছেন? দুটি বাক্যে লেখো।

ঘ) নন্দিনীর জন্য কে ফুল তুলে আনে? সেটা কেমন?

ঙ) আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিসিজমের প্রকাশ প্রথম কার লেখা কোন কাব্যের মাধ্যমে হয়?

[পরপৃষ্ঠায়]

চ) 'রিয়ালিজম্' কাকে বলে?

ছ) কোথায় কত খ্রীষ্টাব্দে 'সুররিয়ালিজম্' আন্দোলনের উদ্ভব ঘটে?

জ) 'অনুকৃতি' বলতে কী বোঝো?

ঝ) 'ঔচিত্য' বলতে কী বোঝো?

ঞ) আচার্য বামন কত প্রকারের রীতির কথা বলেছেন? সেগুলি কী কী?

ট) ক্লাসিক সাহিত্য কাকে বলে?

ঠ) 'বক্রোক্তি' কয় প্রকার ও কী কী?

ড) বাংলা ভাষায় তুলনামূলক সাহিত্য আলোচনার সূচনা হয়েছিল কার লেখা কোন রচনার মাধ্যমে?

ঢ) বঙ্কিমচন্দ্র বাংলার কোন কবিকে গীতিকাব্য প্রণেতা বলেছেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) বাংলা সাহিত্যে রোমান্টিক ভাবধারার প্রচলন কোন সময় থেকে— আলোকপাত করো।

খ) "কিন্তু তিনি যে ভরসা মনে পোষণ করতেন তাও সত্যি" — কার লেখা কোন রচনার অংশ? কোন ভরসা কে মনে পোষণ করতেন?

গ) কোন্ কোন্ 'কবিওয়ালা'র রচনা গীতিকবিতা হিসেবে অতি সুন্দর মনে করেন প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র? মূল প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

ঘ) "নন্দিনী ভালোবাসে প্রাণের রং" — আলোচনা করো।



ঙ) রীতিবাদের প্রবক্তা কে? কোন গ্রন্থে তা তিনি প্রমাণ করেন? 'রীতি' বলতে তিনি কী বুঝিয়েছেন? তাঁর মতে রীতি কতপ্রকার ও কী কী? ১+১+১+২=৫

চ) 'ক্লাসিসিজম' কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) "জগতের চিরন্তন প্রেমিক এরা .... এই কিশোরের দল" — উৎস নির্দেশপূর্বক আলোচনা করো।

খ) 'অনুকৃতি' কী? 'অনুকৃতি' সম্পর্কে প্রাচীন আলংকারিকদের ধারণার সংক্ষিপ্ত পরিচয় দাও।

গ) রবীন্দ্র কাব্যাদর্শ সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের দৃষ্টিভঙ্গি মূল প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

ঘ) 'সুররিয়ালিজম' কাকে বলে? এর বৈশিষ্ট্য আলোচনা করো।

———————